

## সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৮৭৬

১৩. কিতাবুল হজ্ব (كتاب الحج)

পরিচ্ছেদঃ কোন ব্যক্তি কর্তৃক জামরায় কঙ্কর নিক্ষেপ করা এবং কঙ্কর নিক্ষেপ করার সময় পর্যন্ত সেখানে দাঁড়ানোর বিবরণ

ذِكْرُ وَصْفِ رَمِي الْمَرَّةِ الْجَمَارِ وَوُقُوفِهِ حِينَئِذٍ إِلَى أَنْ يَرْمِيَهَا

আরবী

3876 - أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُوَيْبَانَ قَالَ: حَدَّثَنَا عُثْمَانُ بْنُ أَبِي شَيْبَةَ قَالَ: حَدَّثَنَا طَلْحَةُ بْنُ يَحْيَى عَنْ يُونُسَ عَنْ ابْنِ شَهَابٍ عَنْ سَالِمٍ عَنْ ابْنِ عُمَرَ: أَنَّهُ كَانَ يَرْمِي الْجَمْرَةَ الْأُولَى بِسَبْعِ حَصِيَّاتٍ يُكَبِّرُ مَعَ كُلِّ حَصَاةٍ ثُمَّ يَتَقَدَّمُ فَيَقُومُ مُسْتَقْبِلًا الْقِبْلَةَ قِيَامًا طَوِيلًا فَيَدْعُو وَيَرْفَعُ يَدَيْهِ ثُمَّ يَرْمِي الْجَمْرَةَ ذَاتَ الْعُقْبَةِ مِنْ بَطْنِ الْوَادِي وَلَا يَقِفُ عِنْدَهَا ثُمَّ يَنْصَرِفُ وَيَقُولُ: هَكَذَا رَأَيْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَفْعَلُ.

الراوي : سَالِمٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات

الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3876 | خلاصة حكم المحدث: صحيح - ((الصحيحة)) (2073) ، ((صحيح أبي داود)) (1722): خ.

বাংলা

৩৮৭৬. সালিম রহিমাল্লাহ থেকে বর্ণিত, তিনি বলেন, “আব্দুল্লাহ বিন উমার রাহিয়াল্লাহু আনহু প্রথম জামরায় সাতটি কঙ্কর মারতেন, প্রত্যেক কঙ্কর মারার সময় আল্লাহ আকবার বলতেন। তারপর সামনে অগ্রসর হয়ে কিবলামুখী হয়ে দীর্ঘক্ষন দাঁড়িয়ে থাকতেন অতঃপর দুই হাত উঠিয়ে দু‘আ করতেন। তারপর উপত্যকার মাঝখান থেকে যাতুল আকাবায় কঙ্কর নিক্ষেপ করতেন তবে তিনি সেখানে দাঁড়াতেন না। তারপর তিনি চলে যেতেন এবং বলতেন, “আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে এরকম করতে দেখেছি।”[1]

ফুটনোট

[1] সহীহুল বুখারী: ১৭৫১; বাগাবী: ১৯৬৮; ইবনু মাজাহ: ৩০৩২; দারেমী: ২/৬৩; দারাকুতনী: ২/২৭৫; হাকিম:

১/৪৭৮।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১৭২২)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=93215>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন